বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন
BANGLADESH ARCHERY FEDERATION

President
Lt Gen Md Mainul Islam (Retd)

General Secretary
Kazi Rajib Uddin Ahmed Chapol

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বিএএফ/কোচেস কোর্স/২০২৩/৫০৪ তারিখ: ০৯/১১/২০২৩

বরাবর
সকল নিবন্ধিত সংস্থা/ক্লাব/প্রতিষ্ঠান/কোচবৃন্দ

**বিষয়: আরচ্যারী কোচেস কোর্স ২০২৩-এ অংশগ্রহণ সংক্রান্ত।**

জনাব,

আপনাকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের তত্বাবধানে ও সার্বিক ব্যবস্থাপনায় 'আরচ্যারী কোচেস কোর্স ২০২৩' আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত কোর্সটি আগামী ২৬ হতে ৩০ নভেম্বর ২০২৩ পর্যন্ত মোট ০৫ দিনব্যাপী সম্পূর্ণ আবাসিক ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে। কোর্সটিতে দেশের সকল আরচ্যারী সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থা, সার্ভিসেস এবং ক্লাব দলের পক্ষে মোট ২৫জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণের সুযোগ পাবে।

কোর্সের শর্তানুযায়ী (শর্ত সংযুক্ত) অংশগ্রহণেচ্ছুদের আগামী ১৬ নভেম্বর ২০২৩ এর মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে জীবন-বৃত্তান্ত ও অংশগ্রহণের কারণ উল্লেখসহ আবেদন করার জন্য আহবান করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(রশিদুজ্জামান সেরনিয়াবাত)
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক
মোবাইল: ০১৯১১৩৬২৬৭৭

সংযুক্তি:
১. কোর্সে অংশগ্রহণের শর্তসমূহ (২ পাতা)।

অনুলিপি:
১. জনাব মোঃ রফিক, সদস্য-সচিব, কোচেস এন্ড জাজেস উন্নয়ন সাব-কমিটি, বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন।
২. মি: মার্টিন ফ্রেডরিক, প্রধান প্রশিক্ষক, জাতীয় আরচ্যারী দল, বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন।

# আরচ্যারী কোচেস কোর্স ২০২৩

## কোর্সে অংশগ্রহণের শর্তসমূহ

**কোর্সে অংশগ্রহণের পূর্বে করণীয়:**

১. অংশগ্রহণেচ্ছুদের আগামী ১৬ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে নিজ জীবন বৃত্তান্ত ও অংশগ্রণের কারণ উল্লেখসহ প্রাথমিকভাবে আবেদন করতে হবে। আবেদন করার ঠিকানা নিম্নরূপ:

বরাবর,
সাধারণ সম্পাদক,
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন,
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা-১০০০,
ই-মেইল <barchery@gamil.com>।

২. আবদেনকারীকে অবশ্যই আরচ্যারী খেলায় অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে জাতীয় দলে খেলার অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

৩. আবেদনকারীকে ন্যূনতম উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৪. আবেদনকারীকে ইংরেজী ভাষায় পড়া, লেখা ও বলার যোগ্যতা থাকতে হবে।

৫. আবেদনকারীর শারীরিক ও মানসিকভাবে যোগ্যতা থাকতে হবে।

৬. প্রাথমিকভাবে আবেদনকারীদের মধ্য হতে যোগ্য ও মেধাবীদের সনাক্ত করে চূড়ান্তভাবে ২৫জন প্রশিক্ষণার্থীদের বাছাই করে পরবর্তী ১৯ নভেম্বর ২০২৩ বিকাল ৫টার মধ্যে ই-মেইল ও হোয়াটসঅ্যাপ যোগে ফলাফল জানানো হবে। চূড়ান্তভাবে অংশগ্রহণের বিষয়টি জানার সাথে সাথে কোর্সে অংশগ্রহণের জন্য আগমনের বার্তা ফিরতি ই-মেইল বা হোয়াটসঅ্যাপ যোগে মেসেজ দিয়ে নিশ্চিত করতে হবে।

**চূড়ান্তভাবে কোর্সে অংশগ্রহণ নিশ্চিত হলে করণীয়:**

৭. আসন্ন কোচেস কোর্স ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা। যা ভেন্যুতে এসে অংশগ্রহণের দিন প্রদান করতে হবে। ২৫ নভেম্বর ২০২৩ তারিখে বিকাল ৫টার মধ্যে নিম্ন ঠিকানায় অফিস সেক্রেটারির (মোবাইল নম্বর: ০১৭১২-৭৪১৯৮৮) নিকট রিপোর্ট করতে হবে। ঠিকানা নিম্নরূপ:

মোহাম্মদ মনির হোসেন
অফিস সেক্রেটারি
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন
মওলানা ভাসানী স্টেডিয়াম
ঢাকা-১০০০।

৮. ৫ দিন কোর্সটি সম্পূর্ণ আবাসিক ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হবে। অবস্থান কালীন প্রশিক্ষণার্থীদের থাকা ও খাবারের সুব্যবস্থা থাকবে।

৯. প্রয়োজনে আলোচ্য বিষয়ে বিশেষ কিছু জানতে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের অফিস সেক্রেটারি জনাব মোহাম্মদ মনির হোসেন (মোবাইল নম্বর: ০১৭১২৭৪১৯৮৮) এর সাথে যোগাযোগ করা যাবে।

১০. কোর্স পরিচালক হিসাবে দায়িত্ব পালন করবেন বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের প্রধান প্রশিক্ষক মি: মার্টিন ফ্রেডরিক। কোর্সটি সম্পূর্ণরূপে ইংরেজি ভাষায় পরিচালিত হবে।

১১. প্রয়োজনীয় কোচেস ম্যানুয়াল ফেডারেশন থেকে ন্যায্যমূল্যে ক্রয় করা যাবে। তবে এক্ষেত্রে কোর্সে অংশগ্রহণের জন্য চূড়ান্তভাবে বাছাই ঘোষণার দিন ফেডারেশনকে উক্ত ম্যানুয়াল প্রাপ্তির চাহিদা সম্পর্কে অবহিত করতে হবে।

১২. কোর্স চলাকালীন সময় হোস্টেলে অবস্থানের প্রয়োজনীয় পোশাক-পরিচ্ছদ সাথে আনতে হবে।
১৩. কোর্সের প্রাকটিক্যাল ও থিওরিটিক্যাল ক্লাশে নিজ ব্যবহার্য্য প্রয়োজনীয় খেলার পোষাক (টি-শার্ট, ট্রাউজার, কেড্‌স ও সক্স) সাথে আনতে হবে।
১৪. কোর্সের লেখা পড়া বিষয়ে গ্রাফিক্যাল নোটবুক, কলম, পেন্সিল, স্কেল, ইরেইজার, কম্পাস, ফাইল ইত্যাদি অবশ্যই সাথে আনতে হবে। তাছাড়া প্রশিক্ষণে প্রয়োজনীয় নোট ইত্যাদি নিজ ব্যবস্থাপনায় করতে হবে।
১৫. আলোচ্য প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম বিবেচনায় এনে দিনব্যাপী নিরবিচ্ছিন্ন/নিবিড় ব্যবস্থাপনায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের শারীরিক ও মানসিক প্রস্তুতি থাকা একান্তভাবে জরুরী।
১৬. প্রশিক্ষণে আরচ্যারী খেলার নিয়ম, কলা-কৌশল, শারীরিক ও মানসিক যোগ্যতা বৃদ্ধি বিষয়ে আলোকপাতের পাশাপাশি, স্পোর্টস ট্রেনিং সায়েন্স ও খেলার কলা-কৌশল সংক্রান্ত আলোচনা করা হবে।
১৭. প্রশিক্ষণ কালীন বিশেষ সুবিধার গ্রহণের জন্য নিজ নিজ এন্ড্রয়েড ফোন/ল্যাপটপ ব্যবহার করা যাবে।
১৮. প্রশিক্ষণ শেষে ব্যবহারিক ও তত্ত্বীয় বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কোর্স পরীক্ষায় সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই অংশগ্রহণ করতে হবে এবং ৬০% নম্বর প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণার্থীকে কোর্স উত্তীর্ণ সনদ প্রদান করা হবে।

<u>কোর্সে কৃতকার্যের পরবর্তী সুবিধাসমূহ:</u>
১৯. প্রশিক্ষণার্থীদের উত্তীর্ণ পরবর্তীতে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের তালিকাভুক্ত (নিবন্ধিত) প্রশিক্ষক হওয়ার সুযোগ থাকবে।
২০. ফেডারেশনের নিবন্ধিত প্রশিক্ষকগণই বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের অধীনে যোগ্যতার ভিত্তিতে স্থানীয় পর্যায়ে দেশের বিভিন্ন প্রশিক্ষণ কর্মকান্ড পরিচালনার সুযোগ পাবে।
২১. দেশে ও বিদেশে অনুষ্ঠিতব্য কোন উচ্চতর প্রশিক্ষণে অংশগ্রহণ অথবা আন্তর্জাতিক লাইসেন্স কোর্সের জন্য সুযোগ পেতে ফেডারেশনের অন্তর্ভূক্ত (নিবন্ধিত) প্রশিক্ষকগণই নিজ নিজ স্তর ও যোগ্যতানুযায়ী নির্বাচিত হওয়ার সুযোগ পাবে।
২২. যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে জাতীয় আরচ্যারী দলের প্রশিক্ষণ কর্মসূচীতে নিযুক্ত হওয়ার সুযোগ থাকবে।

(রশিদুজ্জামান সেরনিয়াবাত)
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন।